বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
নির্বাহী প্রকৌশলীর দপ্তর
সাতক্ষীরা পওর বিভাগ-২
ফোনঃ ০২৪৭-৭৭৪০১৩৭
E-mail: xen.satkhira2@gmail.com

স্মারক নং-৯সি-১/১০৩২ তারিখঃ ০৭-১১-২০২২খ্রিঃ

## সীমিত দরপত্র পদ্ধতির (LTM) আওতায় কার্য ক্রয় ও পণ্য সরবরাহ নেয়ার লক্ষ্যে ঠিকাদার তালিকাভুক্তি/নবায়ন বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা পওর বিভাগ-২, বাপাউবো, সাতক্ষীরা দপ্তরের অধীন পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির (LTM) আওতায় অনধিক ৩(তিন) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য ও ২৫ (পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২২-২৩ অর্থ বৎসরের জন্য ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্ত ও নবায়ন করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা এর স্মারক নং- ৪২.৩১.০০০০.০০৫.২২.০০৩.১৫.১৩৪, তারিখঃ ২০-০৭-২০২০খ্রিঃ মোতাবেক নির্ধারিত আবেদন (ডকুমেন্ট) ফরম এর মূল্য ৫০০.০০ (পাঁচশত) টাকার অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, খুলনা এর অনুকূলে জমা প্রদান পূর্বক অত্র দপ্তরের উচ্চমান সহকারীর নিকট হতে আবেদনপত্র (ডকুমেন্ট) সংগ্রহ করা যাবে। ঠিকাদার তালিকাভুক্তি ও নবায়নের কার্যক্রম সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ছাড়া প্রতিদিন সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত অব্যাহত থাকবে। নির্ধারিত আবেদনপত্র (ডকুমেন্ট) সঠিকভাবে পূরণ করতঃ প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ০৭-১২-২০২২খ্রিঃ বিকাল ৩:০০ ঘটিকা পর্যন্ত অত্র দপ্তরের যোগাযোগ শাখায় জমা প্রদান করা যাবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর তালিকাভূক্তি ফরম বিক্রয় ও নবায়নের আবেদন গ্রহণ করা হবে না।

**ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তির আবেদনের তফসীলঃ**

| ক্রমিক নং | কাজের ধরণ | আবেদনের সময়সীমা |
|---|---|---|
| ১। | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি (কার্য) | ০৮-১১-২০২২খ্রিঃ হতে ০৭-১২-২০২২খ্রিঃ বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত (সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত) |
| ২। | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি (পণ্য) | |

**তালিকাভুক্তির প্রয়োজনীয় নির্দেশনাবলীঃ**

| | |
|---|---|
| আবেদনের যোগ্যতা | ১) বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স, ২) ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট, ৩) হালনাগাদ ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট (কার্য-৩০.০০ লক্ষ টাকা এবং পণ্য- ১৫.০০ লক্ষ টাকা), ৪) জাতীয় পরিচয়পত্র, ৫) পাসপোর্ট সাইজের ৩(তিন) কপি ছবি, ৬) অথোরাইজেশন লেটার ও ডকুমেন্টে বর্ণিত শর্তাবলী। |
| আবেদন ফি | ৫০০/= (পাঁচ শত) টাকার অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, খুলনা এর অনুকূলে। |
| তালিকাভুক্তিকরণ ফি | ৫,০০০/= (পাঁচ হাজার) টাকা অফেরৎযোগ্য পে-অর্ডার /ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, খুলনা এর অনুকূলে এবং ১৫% ভ্যাট বাবদ ৭৫০/= (সাত শত পঞ্চাশ) টাকা। |

**ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি নবায়নের তফসীলঃ**

| | |
|---|---|
| আবেদনের যোগ্যতা | ১) বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স, ২) ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট। |
| নবায়নের ফি | ২,০০০/= (দুই হাজার) টাকা অফেরৎযোগ্য পে-অর্ডার /ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, খুলনা এর অনুকূলে এবং ১৫% ভ্যাট বাবদ ৩০০/= (তিন শত) টাকা। |

উল্লেখ্য যে, ক্রয়কারী কর্তৃপক্ষ (Procuring Entity) আবেদনকারীদের আবেদনপত্র যাচাই-বাছাই সাপেক্ষে কোন কারণ দর্শানো ব্যতীরেকে আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতাবান।

০৭/১১/২২

(মোঃ শাহানেওয়াজ তালুকদার)
পরিচিতি নং- ৯১০৩১৮০০২
নির্বাহী প্রকৌশলী।

স্মারক নং-৯সি-১/১০৩২(১২) তারিখঃ ০৭-১১-২০২২খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রধান প্রকৌশলী, দক্ষিণ-পশ্চিমাঞ্চল, বাপাউবো, খুলনা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, খুলনা পওর সার্কেল, বাপাউবো, খুলনা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, পানি ভবন, গ্রীনরোড, ঢাকা।
৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, গ্রীনরোড, ঢাকা (বিজ্ঞপ্তিটি বহল প্রচারিত জাতীয় বাংলা ও ইংরেজী পত্রিকাসমূহের মধ্যে যে কোন ০২ (দুই) টি পত্রিকায় (যথাক্রমে ০১ (এক) টি বাংলা ও ০১ (এক) টি ইংরেজি পত্রিকায়) এবং স্থানীয় ০১ (এক) টি সংবাদপত্রে ০১ (এক) দিন প্রকাশ করার কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য এবং বিজ্ঞপ্তি প্রকাশিত পত্রিকাসমূহের ০১ (এক) কপি অত্র দপ্তরে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।।
৫। নির্বাহী প্রকৌশলী, সাতক্ষীরা পওর বিভাগ-১, বাপাউবো, সাতক্ষীরা।
৬। উপ-পরিচালক, খুলনা আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, খুলনা।
৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সেন্ট্রাল আইসিটি সেল, প্রধান প্রকৌশলী, মনিটরিং এর দপ্তর, বাপাউবো, পানি ভবন, গ্রীনরোড, ঢাকা (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৮। উপ-বিভাগীয় প্রকৌশলী, সাতক্ষীরা পওর উপ-বিভাগ-২/আশাশুনি পওর উপ-বিভাগ/আমাদী পওর উপ-বিভাগ, বাপাউবো, সাতক্ষীরা।
৯। উচ্চমান সহকারী/উর্দ্ধতন হিসাব সহকারী, অত্র দপ্তর।
১০। নোটিশ বোর্ড।

০৭/১১/২২

নির্বাহী প্রকৌশলী
সাতক্ষীরা পওর বিভাগ-২
বাপাউবো, সাতক্ষীরা।